<u>প্রভাতী বাংলা সংবাদ, আকাশবাণী আগরতলা ২২ শে জুলাই ২০১৭</u>

Van mahotsav :

আগরতলার তুলসীবতী বালিকা বিদ্যালয়ে গতকাল বিদ্যালয় শিক্ষাদপ্তরের উদ্যোগে রাজ্যভিত্তিক বন মহোৎসবের উদ্বোধন হয়। অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষনে শিক্ষামন্ত্রী তপন চক্রবর্তী পরিবেশ রক্ষায় আরো বেশি করে গাছ লাগানোর উপর গুরুত্ব আরোপ করেন। অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন, আগরতলা পুর নিগমের মেয়র, ড:প্রফুল্ল জিৎ সিনহা, মাধ্যমিক শিক্ষা অধিকর্তা ইউ কে চাকমা, প্রাথমিক শিক্ষা অধিকর্তা কুন্তল দাস, বনদপ্তরের অতিরিক্ত আধিকারিক চিত্ত দেববর্মা, বিদ্যালয়ের প্রধান শিক্ষক নিবিড় সেন প্রমুখ। অতিথিরা বিদ্যালয় চত্বরে গাছের চারা রোপন করেন।

****

ট্রেন :

আগরতলা পর্যন্ত ট্রেন চলাচল সম্পূর্ণ স্বাভাবিকভাবে চলাচল করছে। আগরতলা রেল স্টেশনের স্টেশন মাস্টার জানিয়েছেন, আজ ভোর ৫টা ১৫ মিনিটে আগরতলা-শিয়ালদহ এক্সপ্রেস যথাসময়েই ছেড়েছে। সকাল ৬টা ১৫ মিনিটে আগরতলা থেকে ধর্মনগর এবং সকাল

৬টা ৩০ মিনিটে আগরতলা থেকে উদয়পুর ট্রেনটিও যথাসময়ে ছেড়ে চলে গেছে । দিনের বাকি ট্রেনগুলোও নির্ধারিত সূচী অনুযায়ী আসা-যাওয়া করবে বলে তিনি জানিয়েছেন ।

****

ছুটি :

আজ মাসের চতুর্থ শনিবার । আজ রাজ্য সরকারী দপ্তরগুলিতে ছুটি থাকছে । ত্রিপুরা, পে-এন্ড-পেনশন রিভিশন কমিটির সুপারিশ অনুযায়ী, রাজ্য সরকার এখন থেকে মাসের দ্বিতীয় ও চতুর্থ শনিবারকে সরকারী ছুটির দিন হিসেবে ঘোষণা করেছে । আজ থেকে তা কার্যকর হয়েছে । এদিকে, সরকারী হাসপাতালের বহির্বিভাগের সময়সূচিতে ৩০ মিনিট বাড়িয়ে বিকেল সাড়ে ৪টা পর্যন্ত খোলা রাখার কথা জানানো হয়েছে ।

****

অরুণ জেটলি :

কেন্দ্রীয় অর্থমন্ত্রী অরুণ জেটলি গতকাল নতুন দিল্লিতে প্রবীন নাগরিকদের জন্য একটি পেনশন স্কিম প্রধানমন্ত্রী ব্যয় বন্দনা যোজনা, PMVVY এর সূচনা করেন। ভারতীয় জীবনবিমা

নিগমের মাধ্যমে অনলাইন বা অফলাইনে এই যোজনার সংগে যুক্ত হওয়া যাবে। এই নতুন পেনশন যোজনায় দশ বছর পর্যন্ত বার্ষিক ৮ শতাংশ সুদের সঙ্গে প্রত্যেক মাসে পেনশনের অর্থ প্রদান করা হবে। পলিসি কেনার সময় পেনশনভোগীদের ১০ বছরের সময় সীমার মধ্যে মাসিক, ত্রৈমাসিক, অর্ধ বৎসর বা এক বছরের রিটার্ন পছন্দ করে নেওয়ার সুযোগ থাকবে।

****

সুপ্রীমকোর্ট :

সুপ্রীমকোর্ট কেন্দ্র ও রাজ্য সরকারকে বলেছে যে, তারা যেন কোন নজরদারি দলের সমর্থন না করে। কোর্ট, কেন্দ্র ও রাজ্যকে গো-রক্ষার নামে সংঘঠিত হিংসাত্মক ঘটনার বিষয়েও জবাব চেয়েছে। বিচারক দীপক মিশ্র, বিচারক এ. এম. খানউইলকর এবং বিচারক এম. এম. শতনাগৌদারের বেঞ্চকে কেন্দ্র অবহিত করে যে, আইন ও শৃঙ্খলা রাজ্যের বিষয়, কিন্তু তবুও তারা দেশে কোনরকম হিংসাত্মক ঘটনাকে সমর্থন করবে না। BJP শাসিত গুজরাট ও ঝাড়খন্ডের উকিল আদালতকে জানান যে, এইসব রাজ্যে গো-রক্ষার নামে হিংসাত্মক কাজে লিপ্তদের বিরুদ্ধে যথাচিত ব্যবস্থা নেয়া হয়েছে। তাদের এই বক্তব্য রেকর্ড করা হয়েছে এবং কেন্দ্র ও অন্যান্য রাজ্যকে চার সপ্তাহের মধ্যে রিপোর্ট দিতে বলা হয়েছে। মামলার পরবর্তী শুনানী হবে আগামী ৬ই সেপ্টেম্বর।

****

কেন্দ্রীয় সরকার-ক্যালেন্ডার বর্ষ :

কেন্দ্রীয় সরকার ক্যালেন্ডার বর্ষের সঙ্গে সামঞ্জস্য রাখার জন্য, আর্থিক বছরকে জানুয়ারী থেকে ডিসেম্বর পর্যন্ত করার চিন্তা-ভাবনা করছে । কেন্দ্রীয় অর্থমন্ত্রী অরুন জেটলি লোকসভায় এক লিখিত উত্তরে গতকাল জানান, প্রখ্যাত অর্থনীতিবিদ ড: শংকর আচার্য্যের নেতৃত্বাধীন একটি কমিটি এই সংক্রান্ত একটি প্রস্তাব পরীক্ষা করেছে। শ্রী জেটলি জানান, এবছর নভেম্বর-ডিসেম্বরের বাজেট পেশ এর আওতায় আসবে না ।

****

এলামনি :

উদয়পুর ইংলিশ মিডিয়াম স্কুল এলামনির উদ্যোগে গতকাল থেকে দুই দিনব্যাপী পুনর্মিলন উৎসব শুরু হয়েছে। রাজর্ষি কলাক্ষেত্রে দুই দিনব্যাপী এই উৎসবের সূচনা করেন উদয়পুর পুর পরিষদের চেয়ারম্যান সুব্রত দেব। মহিলা ক্ষমতায়নের উপর আলোকপাত করেন রাজ্য মহিলা কমিশনের সদস্যা মনিকা দত্ত রায়। এছাড়া, স্কুলের বর্তমান ও প্রাক্তন শতাধিক শিক্ষক-শিক্ষিকাকে সংবর্ধনা দেওয়া হয়। দুই দিনব্যাপী এই উৎসবে নানা সাংস্কৃতিক, ক্যুইজ প্রতিযোগিতা সহ আলোচনা সভা রয়েছে। উদ্বোধনী মঞ্চে এছাড়া

উপস্থিত ছিলেন গোমতী জেলার শিক্ষা আধিকারিক লক্ষ্মণ চন্দ্র দাস, স্কুলের প্রধান শিক্ষক হারাধন সাহা, এল আই সি'র শাখা প্রবন্ধক সঞ্জীব চক্রবর্তী প্রমুখ।

****

বৌদ্ধ ভিক্ষুর জীবনাবসান :

নিখিল ভারত বৌদ্ধ ভিক্ষু সংঘের প্রধান সংঘনায়ক ধম্মভিরো মহাথেরার জীবনাবসানে দেশের বিভিন্ন বৌদ্ধ ধর্মাবলম্বী সংঘ ও মন্দিরে বিশেষ প্রার্থনা সভা চলছে। পার্শ্ববর্তী বাংলাদেশ, পশ্চিমবঙ্গ, অসম, ত্রিপুরায় বরুয়া বৌদ্ধ মন্দিরগুলোতে বিশেষ উপাসনা ও প্রার্থনা সভা চলবে আগামী ৩০ সেপ্টেম্বর পর্যন্ত । এই বিশেষ প্রার্থনা, উপাসনার সমাপন অনুষ্ঠান উদযাপিত হবে ৩০ সেপ্টেম্বর বুদ্ধগয়ায়। এখবর জানিয়েছেন বৌদ্ধ সন্যাসী ভানতে সুভুতি। গত ৭ জুলাই দিল্লিতে সংঘনায়ক ধম্মভিরো মহাথেরার জীবনাবসান হয়। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৮০ বছর। জীবৎকালে তিনি বহুধরনের সামাজিক কাজে জড়িত ছিলেন। ছিলেন রাজ্যসভার সদস্য এবং জাতীয় মাইনরিটি কমিশনের সদস্য এবং ট্রাইব্যাল কোপারেটিভ মার্কেটিং ডেভেলপমেন্ট ফেডারেশন অফ ইন্ডিয়া, ট্রাইফেড এর চেয়ারম্যানও।

****

সুব্রত মুখার্জি কাপ ফুটবল :

সুব্রত মুখার্জি কাপ ফুটবলের রাজ্যভিত্তিক প্রতিযোগিতার বালক ও বালিকা উভয় বিভাগের ফাইন্যাল আজ অনুষ্ঠিত হবে । এর আগে সকালে হবে সেমিফাইন্যাল খেলা । উল্লেখ্য, আসরের বালিকা বিভাগের খেলা বিলোনিয়ার নলুয়া ও বালক বিভাগের খেলা আমবাসার কুলাই-এ চলছে ।

****

ক্রিকেট :

ব্যাঙ্গালুরুতে কে এস সি এ আমন্ত্রনমূলক ক্রিকেটের আসরে ত্রিপুরা আজ প্রথম ম্যাচে হিমাচল প্রদেশের মুখোমুখি হবে। চারদিনের এই খেলাটি আলোরে অনুষ্ঠিত হবে। রাজ্যদলটি গতকাল এই ম্যাচের লক্ষ্যে শেষ প্রস্তুতি নিয়েছে । আসরে গ্রুপের ৩টি ম্যাচের অপর দুটোতে রাজ্যদল আসাম ও আয়োজক কে এস সি এ একাদশের বিরুদ্ধে খেলবে।

****

আবহাওয়া :

আবহাওয়ার পূর্বাভাসে জানানো হয়েছে, আকাশ আংশিক মেঘাচ্ছন্ন থাকবে । বিক্ষিপ্ত বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে । তাপমাত্রা সর্বাধিক ৩৩ ডিগ্রী ও সর্বনিম্ন ২৬ ডিগ্রী সেলসিয়াসের কাছাকাছি থাকবে । আজ সকালের সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৫ দশমিক ২ ডিগ্রী সেলসিয়াস । গত ২৪ ঘন্টায় বৃষ্টিপাতের পরিমান ২ দশমিক ৪ মিলিমিটার ।

****

****